কালের কণ্ঠ

তারিখ: 12 JUL 2017 পৃষ্ঠা: ... কলাম: ...

### ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিংয়ে ভর্তির ফল প্রকাশ

# প্রথম পর্যায়ে নির্বাচিত ৪১ হাজার ৮০০ শিক্ষার্থী

**নিজস্ব প্রতিবেদক ▷**

কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে সরকারিভাবে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তির ফল প্রকাশ করা হয়েছে। প্রথম পর্যায়ে ভর্তির জন্য নির্বাচিত হয়েছে ৪১ হাজার ৮০০ জন শিক্ষার্থী। গতকাল মঙ্গলবার সচিবালয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এ ফল প্রকাশ করেন। শিক্ষার্থীরা বোর্ডের ওয়েবসাইট থেকে ফল জানতে পারছে।

দেশের ১১৪টি কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠানে ২৯টি টেকনোলজিতে এ বছর মোট আসনসংখ্যা ৪৮ হাজার ১৫০। এর মধ্যে সরকারি পলিটেকনিকের সংখ্যা ৪৯, যাতে আসনসংখ্যা প্রায় ২৫ হাজার। তবে সব মিলিয়ে আবেদন পড়ে এক লাখ ৫৫ হাজার ৫৭৭টি। মেধাতালিকায় নির্বাচিত হয়েছে ৪১ হাজার ৮০০ শিক্ষার্থী। তারাই প্রথম পর্যায়ে ভর্তির সুযোগ পাবে। মেধাক্রমের ভিত্তিতে পর্যায়ক্রমে বাকি আসনগুলো পূরণ করা হবে। অবশিষ্ট শিক্ষার্থীরা বেসরকারি পলিটেকনিক ইনস্টিটিউটে ভর্তির সুযোগ পাবে।

ফল প্রকাশ অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী বলেন, 'সরকার কারিগরি শিক্ষাকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে কাজ করছে। ২০০৯ সালে আওয়ামী লীগ সরকার গঠনের সময় কারিগরি শিক্ষায় শিক্ষার্থী ছিল শতকরা ১ ভাগের কিছু বেশি। বর্তমানে ১৪ ভাগ শিক্ষার্থী কারিগরি শিক্ষায় পড়াশোনা করছে। ২০২০ সালের মধ্যে তা শতকরা ২০ ভাগ ছাড়িয়ে যাবে। আমরা শিক্ষকদের দেশ-বিদেশে প্রশিক্ষণে পাঠাচ্ছি। এ ছাড়া ২৩ জেলায় বিশ্বমানের পলিটেকনিক ইনস্টিটিউট, চার বিভাগীয় শহরে মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট এবং প্রতিটি বিভাগীয় শহরে একটি করে মহিলা কারিগরি স্কুল ও কলেজ স্থাপন করা হবে।'

শিক্ষামন্ত্রী আরো বলেন, 'শুধু ডিগ্রি অর্জনের জন্য শিক্ষা হলেই চলবে না। এমন দক্ষতা অর্জন করতে হবে, যাতে দেশে ও বিদেশে কাজ করার সুযোগ পাওয়া যায়। বিশাল জনশক্তিকে কারিগরি শিক্ষায় দক্ষ করে তুলতে পারলে তারা বিশ্বের যেকোনো জায়গায় কাজ করার সুযোগ পাবে। দক্ষতা না থাকলে দেশেই কাজ পাবে না। বাস্তব কাজের সঙ্গে যোগ না থাকলে শিক্ষাই অর্থহীন।'

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগের সচিব মো. আলমগীর, অতিরিক্ত সচিব এ কে এম জাকির হোসেন ভূঞা, এফ এম আমিনুল হক, কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ড. মোস্তাফিজুর রহমান প্রমুখ।